



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৪৬৬৮

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/

তারিখঃ /০৬/২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭.৪৯৭৯.০০০.০২.০৩৪.১৭-২২৭; তারিখঃ ০৯/০৩/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/২১৫/৩; তারিখঃ ২৮/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদরাসার অধ্যক্ষ শহীদ মাসউদ আহমদ এর বিরুদ্ধে জনাব মোঃ মজিবুর রহমান বঙ্গবাসী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন মামলা থাকায় বরখাস্ত থাকা সত্ত্বেও মাদরাসার দায়িত্ব পালন করা, অবৈধভাবে কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন গ্রহণ, বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রদানসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

উপরিলিখিত অভিযোগসমূহের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রামকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষ শহীদ মাসউদ আহমদ এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে। অধ্যক্ষের বিরুদ্ধে অবৈধ জমি বিক্রয়, জমি দখল করে বসতি স্থাপন, মারপিট, বাড়ীঘর ভাংচর, সরকারি অর্থ আত্মসাৎ ইত্যাদি বিষয়ে মামলা রয়েছে। এছাড়া সরকারি বেতন ভাতা ছুগিত থাকা ও সভাপতি কর্তৃক বহিষ্কৃত হওয়া সত্ত্বেও ৯জন শিক্ষককে নিয়োগ প্রদানে সম্পৃক্ত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ হিসেবে জনাব শহীদ মাসউদ আহমদ এর এহেন কার্যকলাপ বেসরকারি মাদরাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর পরিপন্থী হওয়ায় কেন তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদরাসা পরিচালনা কমিটি (গভার্ণিং বডি)-কে নির্দেশ প্রদান করা হবে না (তদন্ত প্রতিবেদনের কপি সংযুক্ত) তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

১৪.০৬.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (কটন দায়িত্বপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব শহীদ মাসউদ আহমদ, অধ্যক্ষ
যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদরাসা, রৌমারী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/ ৫২৬৬৮

তারিখঃ ১৪/০৬/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৪. সভাপতি- গভার্ণিং বডি, যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদরাসা, রৌমারী, কুড়িগ্রাম।
৫. জনাব মোঃ মজিবুর রহমান বঙ্গবাসী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৬. পি এ টি চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

১৪.০৬.১৭
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪